

কলেজ ও কেরিয়ারের প্রশিক্ষণের জন্য অর্থ সহ NYC স্কলারশিপ অ্যাকাউন্ট!



অংশগ্রহণকারী চার্টার স্কুলগুলি সহ নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ তালিকাভুক্ত কিন্ডারগার্টেন থেকে চতুর্থ শ্রেণীর প্রতিটি শিক্ষার্থী NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program)-এ অংশগ্রহণ করতে পারে!* পারিবারিক আয় এবং অভিবাসনের স্থিতি যোগ্যতাকে প্রভাবিত করে না। যোগ্য শিক্ষার্থীদের স্বয়ংক্রিয়ভাবে তালিকাভুক্ত করা হয় যদি না তাদের মা-বাবা বা অভিভাবকরা অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন।

শিক্ষার্থীরা প্রাথমিক \$100 সহ একটি বিনামূল্যের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) পায়। সময়ের সাথে সাথে আপনার সন্তানের অ্যাকাউন্টে আরও অর্থ পাওয়ার সুযোগ আছে। সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং প্রতিবেশীরা কমিউনিটি স্কলারশিপের মাধ্যমে শিক্ষার্থীদের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের গ্রুপগুলিকে অর্থ প্রদান করতে পারে।

যে সকল কিন্ডারগার্টেনের এবং অন্যান্য যোগ্য শিক্ষার্থী এই স্কুল বছরে সেভ ফর কলেজ প্রোগ্রাম-এ নতুন, তাদের মা-বাবা ও অভিভাবকরা **জানুয়ারী 2026** থেকে শুরু করে তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টস সক্রিয় করতে এবং দেখতে সক্ষম হবেন। আপনি যখন আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করবেন তখন আপনি আপনার প্রথম অতিরিক্ত \$25 পুরস্কার পাবেন!

কলেজ এবং কেরিয়ারের প্রশিক্ষণের বিভিন্ন খরচ, যেমন টিউশন, ফি এবং পাঠ্যপুস্তকের জন্য অর্থ প্রদানের জন্য এই অ্যাকাউন্টের অর্থ ব্যবহার করা যেতে পারে। আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর জন্য:

- আপনার অর্থ জমা দেওয়ার প্রয়োজন নেই
- আপনার সামাজিক সুরক্ষা নম্বর (Social Security Number, SSN), ব্যক্তিগত করদাতা শনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN), ব্যাংক অ্যাকাউন্ট বা ক্রেডিট কার্ডের তথ্য প্রদান করার প্রয়োজন নেই

আরও জানুন:

- আপনার সন্তানের স্কুলের সাথে কথা বলুন
- আপনার ভাষায় তথ্যের জন্য 833-543-7473 নম্বরে NYC Kids RISE হটলাইনে কল করুন
- info@nyckidsrise.org-এ ইমেইল করুন

আমাদের
ওয়েবসাইট দেখুন:



nyckr.org/about-SFCP

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ এবং নিউ ইয়র্ক শহরের সাথে অংশীদারীত্বে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিচালনা করে।

*ভৌগোলিক ডিস্ট্রিক্ট 30-এর 39টি পাইলট স্কুলের কিন্ডারগার্টেন থেকে পঞ্চম শ্রেণীর প্রত্যেক শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে।

Bengali | বাংলা